# হলসন্ধি / ব্যঞ্জনসন্ধি

• স্তোঃ শ্চুনা শ্চুঃ (স্তোঃ শ্চুনা শ্চুঃ ৮/৪/৪০)

→ স কার এবং তবর্গের স্থানে শ কার এবং চ বর্গের আদেশ হয়, যদি শ কার এবং চ বর্গের সঙ্গে যোগ হয়।
যেমন — রামশ্শেতে, রামশ্চিনোতি।

ব্যাখ্যা :→ আলোচ্য সূত্রটি হলসন্ধিবিষয়ক। সূত্রে তিনটি পদ রয়েছে। — 'স্তোঃ' পদের অর্থ হল সকার ও তবর্গের স্থানে, 'শ্চুনা' পদের অর্থ হল — শকার ও চ বর্গের যোগ হলে, 'শ্চুঃ' পদের অর্থ হল — শকার ও চ বর্গ হয়। স্থানীর স্থানে আদেশ হয়ে থাকে। এখানে স্থানী হল স, ত, থ, দ, ধ, ন। আদেশ হল শ, চ, ছ, জ, ঝ, ঞ। স এর স্থানে শ, ত এর স্থানে চ, থ এর স্থানে ছ, দ এর স্থানে জ, ধ এর স্থানে ঝ, ন এর স্থানে ঞ আদেশ হয়।

• স্ + শ্/চ্ বর্গ = স্ > শ্ হয়। হরিস্ + শেতে = হরিশ্শেতে,
রামস্ + চিনোতি = রামশ্চিনোতি।

• ত বর্গ + শ্/চ্ বর্গ = তবর্গ > চবর্গ হয়।

ত্/দ্ + চ্/ছ্ — ত্/দ্ > চ্ হয় — তদ্ + চিবঃ = তচ্চিবঃ
তৎ + চরিতম্ = তচ্চরিতম্।

ত্/দ্ + জ্/ঝ্ = ত্/দ্ > জ্ হয় —
তৎ + জীবনম্ = তজ্জীবনম্, উৎ + জ্বলঃ = উজ্জ্বলঃ।

ন্ + জ্/ঝ্ = ন্ > ঞ্ হয় — মহান্ + জয়ঃ = মহাঞ্জয়ঃ

ত্/দ্ + শ্ = ত্/দ্ > চ্ হয় —
বৃহৎ + শকটম্ = বৃহচ্শকটম্ / বৃহচ্ছকটম্।

• ষ্টুনা ষ্টুঃ (ষ্টুনা ষ্টুঃ ৮/৪/৪১)

→ ষকার এবং টবর্গের যোগে সকার এবং তবর্গের স্থানে যথাক্রমে ষকার ও টবর্গ হয়।

১। স্ + ষ্ / ট বর্গ = স্ > ষ্ হয়।

রামস্ + ষষ্ঠঃ = রামষ্ষষ্ঠঃ, রামস্ + টীকতে = রামষ্টীকতে।

২। ত্/দ্ + ট্/ঠ্ = ত্/দ্ > ট্ হয়

তদ্ + টীকা = তট্টীকা, মহৎ + টঙ্কারঃ = মহট্টঙ্কারঃ

৩। ত্/দ্ + ড্/ঢ্ = ত্/দ্ > ড্ হয়,

উৎ + ডীনঃ = উড্ডীনঃ, বৃহৎ + ঢাকঃ = বৃহড্ঢাকঃ

৪। ন্ + ড্/ঢ্ = ন্ > ণ্ হয়

মহান্ + ডমরুঃ = মহাণ্ডমরুঃ, ধাবন্ + ঢৌকতেঃ = ধাবণ্ঢৌকতেঃ।

---

• শশ্ছোঽটি (শশ্ছোঽটি ॥ ৮/৪/৬৩॥)

সূত্রে ত্/দ্ + শ্ থাকলে শ্ > ছ হয়,

মহৎ + শকটম্ = মহচ্ছকটম্

Scanned with CamScanner

থাকে। তদ্ শিবঃ —এখানে দ কারের শ্চুত্বের দ্বারা ড কার করা হলে 'খরি চ' সূত্রের দ্বারা জ কারের চ কার হয়েছে। (যেমন) তচ্ছিবঃ, তচ্‌শিবঃ। ('শশ্ছোঽটি' সূত্রে 'অটি' স্থলে 'অমি' বলা উচিত)। তচ্ছ্লোকেন।

◈ **আলোচনা** ঃ ----তদ্ +শিবঃ এখানে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের দ্বারা 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের মাধ্যমে দ কারের স্থানে জ কার আদেশ করে তজ্ +শিবঃ এই রূপ ওয়ায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'স্থানেঽন্তরতমঃ' এই দুটি সূত্রের দ্বারা 'খরি চ' এই সূত্রের মাধ্যমে 'জ' কারের চ কার করে তচ্ + শিবঃ এই রূপ অবস্থা প্রাপ্ত হয়। 'শশ্ছোঽটি' সূত্রের দ্বারা শকারের বিকল্পে 'ছ' কার হয়ে 'তচ্ছিবঃ' রূপ সিদ্ধ হয়। 'ছ' কার না হলে তচ্ শিবঃ রূপ সিদ্ধ হয়।

## জশ্‌ত্ব সন্ধি

# सूत्र—झलां जशोऽन्ते॥८।२।३९॥

সূত্র — ঝলাং জশোঽন্তে।।৮।২।৩৯।।

বরদরাজ—পদান্তে ঝলাং জশঃ স্যুঃ। বাগীশঃ।।

**পদচ্ছেদ** ----ঝলাং জশঃ অন্তে।

◎ **বৃত্তি পদচ্ছেদ** ----পদান্তে ঝলাং জশঃ স্যুঃ। বাগীশঃ।

**বঙ্গানুবাদ** ঃ---- পদান্তস্থিত ঝল্ (বর্ণের) স্থানে জশ্ (বর্ণের) আদেশ হয়। (যেমন) বাগীশঃ।

◈ **আলোচনা** ঃ ---- ঝল্ = বর্গের প্রথম, দ্বিতীয়, চতুর্থ বর্ণ এবং শ, ষ, স, হ। জশ্ = জ, ব, গ, ড, দ অর্থাৎ বর্গের তৃতীয় বর্ণ হচ্ছে 'জশ্' বর্ণ। পদান্তে স্থিত 'ঝল্' এর 'জশ্' হয়। যেমন— বাক্ + ঈশঃ = বাগীশঃ। এখানে 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের সাহায্যে 'ঝলাং জশোঽন্তে' এই সূত্রের দ্বারা ক কারের স্থানে গ কার হয়েছে ফলে বাগীশঃ রূপটি সিদ্ধ হয়েছে।

Scanned with CamScanner

এখানে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সাহায্যে ম কারের স্থানে পূর্ব সবর্ণ স্থানে 'ষ্টুনা ষ্টুঃ' এই সূত্রানুসারে ণ কারের আদেশ হওয়ায় রামস্ষষ্ঠঃ রূপটি সিদ্ধ হয়েছে।

### অনুনাসিক সন্ধি

## সূত্র—यरोऽनुनासिकेऽनुनासिको वा॥८।४।४५॥

সূত্র— যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা।।৮।৪।৪৫।।

● **পদচ্ছেদ** ---- যরঃ অনুনাসিকে অনুনাসিকঃ বা।

বরদরাজ—যরঃ পদান্তস্যানুনাসিকে পরেঽনুনাসিকো বা স্যাৎ। এতন্মুরারিঃ, এতদ্মুরারিঃ।

◎ **বৃত্তি পদচ্ছেদ** ----যরঃ পদান্তস্য অনুনাসিকে পরে অনুনাসিকো বা স্যাৎ। এতন্মুরারিঃ, এতদ্মুরারিঃ। (প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্)। তন্মাত্রম্। চিন্ময়ম্।

● **বঙ্গানুবাদ :** ---- পদান্ত যর্ এর বিকল্পে অনুনাসিক হয় যদি অনুনাসিক পরে থাকে তাহলে। এতন্মুরারিঃ, এতদ্মুরারিঃ। (প্রত্যয়ের ভাষাতে নিত্য)। (যেমন) তন্মাত্রম্, চিন্ময়ম্

◈ **আলোচনা :** ----আলোচ্য সূত্রে 'ন পদান্তাৎ' সূত্র হতে 'পদান্তাৎ' অনুবৃত্ত হয়েছে। এর ফলে সম্পূর্ণ অর্থ হয় অনুনাসিক পরে থাকলে পদান্ত যর্ বর্ণের স্থানে বিকল্পে অনুনাসিক যর বর্ণের আদেশ হয়। অনুনাসিক বর্ণ আদিতে আছে এমন প্রত্যয় পরে থাকলে ভাষায় পদান্ত যর্ বর্ণের নিত্য অনুনাসিক হয়। উদাহরণস্বরূপ বলাযায় —এতৎ + মুরারিঃ = এতন্মুরারিঃ। এখানে 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের, সাহায্যে 'ঝলাং জশোঽন্তে' এই সূত্রের দ্বারা 'দ' কারের উচ্চারণস্থান সাম্য হেতু 'দ' কার করে এতদ্ + মুরারিঃ হয়েছে। 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'স্থানেঽন্তরতমঃ' এই দুই সূত্রে সহায়তায় 'যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা' এই সূত্রের দ্বারা 'দ' কারের স্থান সাম্য হেতু বিকল্পে দ কারের ন কার হয়ে 'এতন্মুরারিঃ' পদটি সিদ্ধ হয়েছে।

### ছত্ব সন্ধি

## সূত্র—शश्छोऽटि॥८।४।६३॥

সূত্র — শশ্ছোঽটি।।৮।৪।৬৩।।

বরদরাজ—পদান্তাজ্ ঝয়ঃ পরস্য শস্য ছো বা স্যাদটি। তদ্ শিব ইত্যত্র সস্য শ্চুত্বেন জকারে কৃতে 'খরি' চেতি জকারস্য চকারঃ। তচ্ছিবঃ, তচ্শিবঃ।।

● **পদচ্ছেদ** ---- শঃ ছঃ অটি।

◎ **বৃত্তি পদচ্ছেদ** ----ঝয়ঃ পরস্য শস্য ছো বা অটি। তদ্ শিব ইত্যত্র সস্য শ্চুত্বেন জকারে কৃতে 'খরি' চ ইতি জকারস্য চকারঃ। তচ্ছিবঃ, তচ্শিবঃ। (ছত্বমমীতি বাচ্যম্) তচ্শ্লোকেন।

● **বঙ্গানুবাদ :** ---- ঝয্ পরবর্তী শ্-কারস্থানে বিকল্পে ছ কার আদেশ হয় যদি পরে অট্